# সমঝোতা স্মারক

## (Memorandum of Understanding)

## যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

## এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

জানুয়ারী -২০২২

৳১০০ ৳১০০

একশত টাকা

খছ ৯৮৬০১১৫

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর এবং এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এর মধ্যে সমঝোতা স্মারক**

এই সমঝোতা স্মারকটি ১১/০১/২০২২ খ্রি. তারিখে স্বাক্ষরিত

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন **যুব উন্নয়ন অধিদপ্তর**, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।

এবং

**এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ (এনআরবিসি ব্যাংক)**, প্রধান কার্যালয়, ১১৪, মতিঝিল, বা/এ, ঢাকা।

## প্রস্তাবনা

যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী ব্যাপক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। জাতীয় যুবনীতি-২০১৭-এর আলোকে ১৮-৩৫ বছর বয়সের জনগোষ্ঠী যুব হিসেবে চিহ্নিত। যুবসমাজ দেশের মূল চালিকা শক্তি। এ দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ হল যুব জনসংখ্যা। বাংলাদেশে যুব জনসংখ্যা হল প্রায় ৫ কোটি। অশিক্ষা, কারিগরি জ্ঞানের অভাব ও বেকারত্ব যুবদের অন্যতম প্রধান সমস্যা হিসেবে পরিগণিত। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তার জন্য দপ্তরের নিজস্ব তহবিল হতে দেশব্যাপী ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষিত যুবদের শতকরা মাত্র ১০-১২ ভাগকে ঋণ সুবিধা প্রদান করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ তহবিল স্বল্পতার কারণে উল্লেখযোগ্য সংখ্যক প্রশিক্ষিত যুবরা এ ঋণ সুবিধার বাইরে থেকে যায়। ফলে প্রশিক্ষণের আসল উদ্দেশ্য আত্মকর্মসংস্থান সৃজন অনেকাংশে বিঘ্নিত হয়। এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ ৪র্থ প্রজন্মের একটি দ্রুত বর্ধনশীল তফসিলভুক্ত ব্যাংক। এই ব্যাংক সারা দেশে বিস্তৃত শাখা, উপ-শাখা ও সার্ভিস পয়েন্টসমূহের মাধ্যমে বিভিন্ন শ্রেণির মানুষকে নানা ধরনের সেবা প্রদানসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। এর ধারাবাহিকতায় এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত বিশাল যুব জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থান সৃজনের নিমিত্তে যৌথভাবে তদারকির মাধ্যমে এনআরবিসি ব্যাংক কর্তৃক **"প্রশিক্ষিত যুবদের জন্য ঋণ"** কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

৳১০০ ৳১০০

একশত টাকা

খছ ৯৮৬০১১৬

**২.০ সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী ঃ**

২.১ দেশের অন্যতম প্রধান চালিকা শক্তি যুবসমাজ। এনআরবিসি ব্যাংকের মাধ্যমে দেশের কর্মপ্রত্যাশী প্রশিক্ষিত যুবদের পুঁজি সরবরাহ করতঃ তাদের আত্মকর্মসংস্থান সৃজন তথা রাষ্ট্রীয় উন্নয়ন ত্বরান্বিত করা;

২.২ প্রশিক্ষিত বেকার যুবদের ঋণ ব্যবহারে দক্ষ করে তোলা;

২.৩ ঋণ গ্রহীতাদের মাইক্রো সেভিংস-এ উৎসাহিত করা;

২.৪ নারী, Transgender (হিজড়া) সম্প্রদায় এবং বিশেষ চাহিদা সম্পন্ন যুবদের (Specially Need Based Person) মধ্য হতে দক্ষ ও যোগ্যতা সম্পন্নদের ঋণ প্রদানের মাধ্যমে যোগ্য উদ্যোক্তা তৈরি করা।

২.৫ টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনে যুবদের সম্পৃক্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

**৩.০ অগ্রাধিকার ভিত্তিতে যারা ঋণ পাবেন ঃ**

৩.১ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত ঋণ প্রত্যাশী যুব।

৩.২ যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ গ্রহণকারী প্রকৃত উদ্যোক্তা যাদের যুব উন্নয়ন অধিদপ্তর থেকে গ্রহণকৃত ঋণ সীমা অতিক্রম হয়েছে।

৩.৩ দক্ষ ও যোগ্যতা সম্পন্ন নারী।

৩.৪ Transgender (হিজড়া) সম্প্রদায় যারা দক্ষ ও প্রকৃত উদ্যোক্তা হতে চায়।

৩.৫ বিশেষ চাহিদা সম্পন্ন যুবগণ (Specially Need Based Person) যারা দক্ষ ও যোগ্যতা সম্পন্ন এবং যাদের মধ্যে প্রকৃত উদ্যোক্তা হওয়ার মনোভাব রয়েছে।

**৪.০ বাস্তবায়ন পদ্ধতিঃ**

**৪.১ যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ে করণীয়ঃ**

৪.১.১ যুব প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/অনাবাসিক/ভ্রাম্যমাণ) প্রশিক্ষণকালীন প্রতিভাবান, আত্মকর্মসংস্থান সৃজনে উৎসাহী, ঝুঁকি গ্রহণেচ্ছু, কিছু নিজস্ব সম্পদ বিনিয়োগে সামর্থ ও নৈতিকতাসম্পন্ন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালীন বাছাইকরণ;

৪.১.২ মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে যাচাইবাছাইপূর্বক এবং তাদের চাহিদা অনুযায়ী ঋণ প্রদানের উপযুক্ত প্রার্থীদের তালিকা (একক ঋণ, গ্রুপভিত্তিক ঋণ, যুব উদ্যোক্তা উন্নয়ন ঋণ, ইত্যাদি) ব্যাংকের সংশ্লিষ্ট শাখায়/উপ-শাখায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সুপারিশসহ প্রেরণ করা;

৪.১.৩ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ হতে ঋণ গ্রহণকারী যুবগণ আত্ম-কর্মসংস্থানমূলক প্রকল্প সৃজন করতঃ অব্যাহতভাবে তা পরিচালনা করছে কিনা তার তদারকি করা;

৪.১.৪ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ এর ঋণ বিতরণকারী শাখা/উপ-শাখাকে ঋণের কিস্তি/ঋণ আদায়ে সহায়তা করা;

৪.১.৫ প্রতি তিন মাসে একবার অঞ্চল ভিত্তিক এনআরবিসি ব্যাংকের শাখা/উপ-শাখাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে জেলার উপপরিচালকর নেতৃত্বে তার অধীনস্থ কর্মকর্তাদের নিয়ে আনুষ্ঠানিক সভা করতঃ ঋণ বিতরণ, আদায় ও আত্ম-কর্মসংস্থান সৃজন পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন করা;

৪.১.৬ যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/অনাবাসিক/ভ্রাম্যমাণ) অনুষ্ঠেয় কোর্স সমূহে অতিথি বক্তা হিসেবে এনআরবিসি ব্যাংক কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো।

৪.১.৭ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তা যারা অধিদপ্তর হতে তাদের ঋণ গ্রহণ সীমা অতিক্রম করেছে এবং যারা প্রকৃত উদ্যোক্তায় পরিণত হয়েছে এবং যাদের আগামীতে ব্যবসা সম্প্রসারণে আরো ঋণের প্রয়োজন, এরূপ উদ্যোক্তাদের তালিকা প্রস্তুত করে এনআরবিসি ব্যাংকের মাধ্যমে ঋণ সহায়তা প্রদানের সুপারিশ প্রণয়ন করা।

**৪.২ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ এর শাখা/উপ-শাখা পর্যায়ে করণীয় ঃ**

৪.২.১ অঞ্চলভেদে যুবদের ঋণ প্রদানের পর্যাপ্ত বরাদ্দের সংকুলান রাখা; এবং সেক্টর অনুযায়ী (যেমন এসএমই, মহিলা উদ্যোক্তা, Transgender (হিজড়া) সম্প্রদায়, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য) বরাদ্দের তালিকা যুব উন্নয়ন অধিদপ্তরের ফোকাল পয়েন্ট (Focal Point)-এর কাছে প্রেরণ করা।

৪.২.২ যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/উপজেলা থেকে প্রেরিত প্রশিক্ষণপ্রাপ্ত ঋণ প্রত্যাশীদের তালিকা হতে নিম্নে বর্ণিত ৬নং শর্তাবলী ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সংশ্লিষ্ট সার্কুলার অনুসরণপূর্বক ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করা।

৪.২.৩ যুব ঋণ গ্রহীতাদেরকে পর্যায়ক্রমে উদ্যোক্তায় উপনীত হতে সহায়তা করা।

৪.২.৪ যথাসময়ে ঋণ পরিশোধকারীদের দ্রুত পুনরায় ঋণ সুবিধা প্রদান করা।

৪.২.৫ এনআরবিসি ব্যাংক কর্তৃক আয়োজিত যুব ঋণ গ্রহীতাদের বিভিন্ন প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো।

**৫.০ সমঝোতা স্মারক মনিটরিং পদ্ধতি ঃ**

**৫.১ যুব উন্নয়ন অধিদপ্তর পর্যায়ে ঃ**

৫.১.১ সমঝোতা স্মারকে বর্ণিত বিষয়বস্তু সফল বাস্তবায়ন ও মনিটরিং -এর জন্য মন্ত্রণালয়ের পক্ষ্যে উপ-সচিব (যুব) ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৫.১.২ যুব উন্নয়ন অধিদপ্তরের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার উপপরিচালক স্মারকে বর্ণিত বিষয়বস্তুর সফল বাস্তবায়নের নিমিত্তে মহাপরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট (Focal Point) হিসেবে কাজ করবেন;

৫.১.৩ মহাপরিচালক মহোদয় সমঝোতা স্মারকে বর্ণিত অধিদপ্তরের পক্ষে বিভিন্ন করণীয় বিষয়ে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন;

৫.১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে এনআরবিসি ব্যাংক হতে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করবেন এবং তা সমন্বিত আকারে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তরকে অবহিত করবেন।

**৫.২ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ পর্যায়ে ঃ**

৫.২.১ ব্যাংকের প্রধান কার্যালয়ের Corporate Concierge Cell-এর প্রধান কর্মকর্তা, ব্যাংকের পক্ষে ফোকাল পয়েন্ট (Focal Point) হিসেবে কাজ করবেন;

৫.২.২ ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালনকারী ব্যাক্তি ঋণ বিতরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনাসহ সংশ্লিষ্ট শাখা/উপ-শাখা সমূহে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন;

৫.২.৩ ব্যাংকের প্রধান কার্যালয়ের নির্ধারিত বিভাগ নিয়মিত ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবে।

## ৬.০ শর্তাবলী ঃ

৬.১ প্রশিক্ষণপ্রাপ্ত যুবগণ, যারা প্রশিক্ষণলব্ধ বিষয়ে আত্মকর্মসংস্থান সৃজনে পরীক্ষামূলকভাবে কাজ শুরু করে কিছু (প্রকল্পভেদে ৫-১০%) বিনিয়োগ করছেন;

৬.২ প্রকল্পভেদে পর্যায়ক্রমে ঋণের সর্বোচ্চ পরিসীমা ১০ লক্ষ টাকা হবে।

৬.৩ যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশক্রমে এবং দুই পক্ষের আলোচনা সাপেক্ষে বিশেষ ক্ষেত্রে ও প্রকল্পভেদে ঋণের পরিমাণ ১০ লক্ষ টাকার উপরে বৃদ্ধি করা যেতে পারে।

৬.৪ ১০ লক্ষ টাকা বা তার অধিক ঋণের ক্ষেত্রে প্রকল্পে উৎপাদিত পণ্য/বস্তু ও অন্যান্য সরঞ্জামাদি প্রাথমিক জামানত হিসেবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে এবং ঋণ আবেদনকারীর পিতা/মাতা/ভাই/বোন/স্ত্রী /স্বামী এর নিকট থেকে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণসহ ব্যাংকের নিকট গ্রহণযোগ্য তৃতীয় পক্ষের অপর ১ (এক) জন ব্যক্তির নিকট থেকে গ্যারান্টি গ্রহণ করতে হবে।

৬.৫ ১০ লক্ষ টাকা বা তার অধিক ঋণের ক্ষেত্রে চাহিত ঋণের ন্যূনতম মূল্যের সম্পদ ব্যাংকের নিকট রেজিষ্ট্রার্ড মর্টগেজ/ইকুইটেবল মর্টগেজ মূলে বন্ধক থাকবে। তবে উভয় পক্ষের আলোচনা সাপেক্ষে উদ্যোক্তার গ্রহণযোগতা ও প্রকল্পভেদে মর্টগেজ তথা জামানত শিথিল করা যেতে পারে।

৬.৬ ঋণের মেয়াদ প্রকল্পভেদে ৬ মাস থেকে ৫ বছর পর্যন্ত হবে এবং ঋণের কিস্তি সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক অথবা এককালীন পরিশোধযোগ্য হবে।

৬.৭ ঋণের বিপরীতে সুদের হারঃ

৬.৭.১ ঋণের সুদের হার ৪% হইতে সর্বোচ্চ ৯% (পরিবর্তনযোগ্য এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার অনুযায়ী নির্ধারিত হবে। যেমন, সার্কুলার অনুযায়ী বর্তমানে সুদ হার: এসএমই-৪%, নারী-৫%, কৃষি-৪-৮%, অন্যান্য-৮-৯%)। এক্ষেত্রে, সাধারণতঃ বিতরণকৃত ঋণের সুদের হার পরিবর্তন হয় না, তবে বাংলাদেশ ব্যাংক হতে যদি কোন সময় উল্লেখ্য বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ হার পরিবর্তনের সার্কুলার ইস্যু করা হয় সেক্ষেত্রে তা পরিবর্তনযোগ্য হবে।

৬.৭.২ চলমান ঋণের সুদের হার ক্রম হ্রাসমান পদ্ধতিতে (Reducing Method) নির্ণয় করা হবে।

৬.৮ ঋণ পরিশোধের ক্ষেত্রে অনুগ্রহকাল (Grace Period) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মেনে প্রকল্পভেদে ০৬ মাস পর্যন্ত রাখা যেতে পারে তবে ঋণের মেয়াদ ০১ বছর বা তার চেয়ে কম হলে অনুগ্রহকাল ০৬ মাসের কম হতে পারে।

৬.৯ সময়ের পূর্বে ঋণ নিস্পত্তির (Early Settlement) ক্ষেত্রেঃ

৬.৯.১ কুটির, ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বিপরীতে প্রদেয় ঋণের জন্য কোন ফি আরোপ করা হবে না।

৬.৯.২ কৃষি খাতের বিপরীতে প্রদেয় ঋণের জন্য কোন ফি আরোপ করা হবে না।

৬.৯.৩ Retail Loan, Lease Finance/Hire Purchase এর বিপরীতে প্রদেয় ঋণের জন্য বর্তমান স্থিতির উপর ০.৫০% ফি আরোপ করা হবে।

৬.১০ ঋণ গ্রহীতাকে তার এনআরবিসি ব্যাংকের একাউন্টের মাধ্যমে ঋণ বিতরণ করা হবে।

৬.১১ অধিদপ্তরের প্রশিক্ষিত যুবগণ যারা ঋণ গ্রহণে ইচ্ছুক তারা এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ সংশ্লিষ্ট শাখায়/উপ-শাখায় প্রাথমিকভাবে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে সঞ্চয়ী হিসাব খুলবেন।

৬.১২ ঋণ গ্রহীতাগণ নির্ধারিত তারিখে ব্যাংকে উপস্থিত হয়ে, প্রতিনিধির মাধ্যমে অথবা Electronic মাধ্যমে ঋণের কিস্তি ও মাসিক সঞ্চয় জমা দিবেন।

৬.১৩ যেহেতু এ ঋণ কার্যক্রম তদারকিধর্মী সেহেতু ঋণগ্রহীতাকে উভয়পক্ষ (অধিদপ্তর ও ব্যাংক) হতে তদারকিতে রাখতে হবে।

৬.১৪ জেলা/উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয় হতে এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ ঋণ বিতরণকারী শাখাকে/উপ-শাখায় ঋণের কিস্তি/ঋণ আদায়ে সহায়তা করতে হবে।

**৭.০ সমঝোতা স্মারকের মেয়াদঃ**

সমঝোতা স্মারক স্বাক্ষরের দিন হতে পরবর্তি ০২(দুই) বছর এর মেয়াদ বহাল থাকবে। উভয় পক্ষের সম্মতিতে পরবর্তিতে মেয়াদ বর্ধিত করা যাবে।

**৮.০ অবসায়নঃ**

৮.১ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন অসুবিধা দেখা দিলে তা নিরসন এবং কোন সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয় পক্ষের যোগাযোগ প্রতিনিধি (Focal Point) উদ্যোগ গ্রহণ করবেন।

৮.২ যে কোন প্রতিষ্ঠানের প্রধান সমঝোতা স্মারকটি বাতিল করার ক্ষমতা রাখেন তবে উভয় পক্ষ সমঝোতা স্মারকটি বাতিল করার ৬(ছয়) মাস পূর্বে বিষয়টি অবহিত করবেন।

৮.৩ প্রয়োজনে উভয় পক্ষ আলোচনাপূর্বক সমঝোতার মাধ্যমে নতুন শর্তাবলী সংযোজন বা বিয়োজন করতে পারবে।

৳১০০ ৳১০০

একশত টাকা

খছ ৯৮৬০১১৭

উল্লেখিত প্রস্তাবনার সহিত উভয় পক্ষ একমত পোষণ করিয়া স্ব-স্ব পক্ষের নিম্নোক্ত সাক্ষীগণের উপস্থিতিতে অদ্য ১১/০১/২০২২ খ্রি. তারিখে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো।

**এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**এর পক্ষে**

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী

Golam Awlia
Managing Director & CEO
NRB Commercial Bank Ltd.

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন**
**যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে**

11/01/2022

মহাপরিচালক (গ্রেড-১)

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ
এর পক্ষে

সাক্ষী ঃ

১। 11/01/22

Harunur Rashid
Deputy Managing Director & CFO A.S # 007
NRB Commercial Bank Ltd.

২। 13/01/22

Kazi Md. Safayet Kabir
Senior Executive Vice President
Financial Inclusion And BD Division
NRB Commercial Bank Limited
Head Office, Dhaka.

যুব ও ক্রীড়া ন্ত্রণালয়াধীন
যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে

সাক্ষী ঃ

১। 11/1/2022

মোঃ আঃ হামিদ খান
পরিচালক (প্রশাসন ও অর্থ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। 11/1/22

এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
যুব উন্নয়ন অধিদপ্তর
ঢাকা।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"